



# সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ

পাড়াডগার মাতুয়াইল ডেমরা ঢাকা ফোন: ৭৫৫৯০০৭

সংশোধিত

[ ভর্তি সংক্রান্ত যাবতীয় কাজে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে চলা বাধ্যতামূলক ]

## ভর্তি বিজ্ঞপ্তি - ২০২১ (বাংলা মাধ্যম)

- ২০২১ শিক্ষাবর্ষে প্রভাতি ও দিবা শাখায় ১ম - ৬ষ্ঠ এবং ৯ম শ্রেণির বালক ও বালিকাদের ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।
- ২১/১১/২০২০-২০/১২/২০২০ তারিখ সকাল ৯টা - বিকাল ৩টা পর্যন্ত অফিস কক্ষ থেকে (নীচ তলা ১০৩ নং কক্ষ) আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- কোভিড-১৯ মহামারীর কারণে ফরম সংগ্রহের সময় শিক্ষার্থী নয়, শিক্ষার্থীর একজন অভিভাবক স্বাস্থ্যবিধি মেনে অফিস কক্ষ থেকে উল্লিখিত তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ করবেন। নির্ধারিত সময়ের পর কোন ক্রমেই ফরম সংগ্রহ করা যাবে না।
- ১ম থেকে ৬ষ্ঠ এবং ৯ম শ্রেণির শিক্ষার্থীদের বয়স নিম্নরূপ-

প্রথম শ্রেণি	৬+ বছর
দ্বিতীয় শ্রেণি	২০২১ জানুয়ারি মাসে, সাড়ে ছয় থেকে সাড়ে সাত বছরের মধ্যে হতে হবে
তৃতীয় শ্রেণি	২০২১ জানুয়ারি মাসে, সাড়ে সাত থেকে সাড়ে আট বছরের মধ্যে হতে হবে
চতুর্থ শ্রেণি	২০২১ জানুয়ারি মাসে, সাড়ে আট থেকে সাড়ে নয় বছরের মধ্যে হতে হবে
পঞ্চম শ্রেণি	২০২১ জানুয়ারি মাসে, সাড়ে নয় থেকে সাড়ে দশ বছরের মধ্যে হতে হবে
ষষ্ঠ শ্রেণি	প্রাথমিক শিক্ষা সমাপনী রেজিস্ট্রেশন অনুযায়ী
নবম শ্রেণি	জুনিয়র স্কুল সার্টিফিকেট রেজিস্ট্রেশন অনুযায়ী

উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

- প্রার্থীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে পিন-আপ করে দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লেখা থাকতে হবে।
- জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী ফরমে শিক্ষার্থীর পূর্ণ নাম এবং পিতা-মাতার পূর্ণ নাম উল্লেখ করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থী বা তার পিতা-মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য, এ বিষয়ে আবেদন করলে তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করা হবে।
- অসম্পূর্ণ ফরম বাতিল বলে গণ্য হবে।
- ১ম-৬ষ্ঠ এবং ৯ম শ্রেণিতে ভর্তি লটারির মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হবে। ১ম-৬ষ্ঠ এবং ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছুদের লটারির পূর্বে সাক্ষাৎকার গ্রহণ করা হবে। কোভিড-১৯ মহামারীর কারণে সাক্ষাৎকারের সময় একজন অভিভাবক (পিতা/মাতা) ছাত্র/ছাত্রীর সাথে আসতে পারবেন। লটারি অনুষ্ঠান ও সাক্ষাৎকারের সময়সূচি প্রতিষ্ঠানের নোটিশ বোর্ড এবং ফেসবুক গ্রুপ SHKSC(Admission 2021) <https://www.fb.com/groups/shksc.admission> থেকে জানা যাবে।
- প্রতিষ্ঠান ঘোষিত তারিখে শিক্ষার্থীদের লটারির ফলাফল নোটিশ বোর্ড, প্রতিষ্ঠানের ওয়েব সাইট [www.shksc.edu.bd](http://www.shksc.edu.bd) প্রকাশ করা হবে এবং মোবাইলে SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।
- প্রবেশপত্র সংগ্রহের সময় প্রবেশপত্রে ভর্তি রোল নম্বরে কোন অস্পষ্টতা থাকলে কাউন্টার থেকে সংশোধন করে নিতে হবে।
- এই স্কুলে ভর্তির জন্য কারো মাধ্যমে তদবির করে প্রতারণার শিকার না হওয়ার জন্য সম্মানিত অভিভাবকদের পরামর্শ দেয়া হল।
- দূরবর্তী শিক্ষার্থীদের যাতায়াতের জন্য স্কুল রাইড এর ব্যবস্থা রয়েছে। রাইড সংক্রান্ত তথ্যের জন্য রাইড ইনচার্জ- ০১৫১১২৬৯০৯১

ভর্তি সংক্রান্ত তথ্য পেতে ভিজিট করুন প্রতিষ্ঠানের ওয়েবসাইট [www.shksc.edu.bd](http://www.shksc.edu.bd); যুক্ত থাকুন অফিসিয়াল ফেসবুক পেইজ

<https://www.facebook.com/shksc.edu.bd> এবং ফেসবুক গ্রুপ SHKSC(Admission 2021)

<https://www.fb.com/groups/shksc.admission>

(মো. মাহবুবুর রহমান মোল্লা)

প্রিন্সিপাল

তারিখ: ২৮/১১/২০২০

সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ, ডেমরা, ঢাকা